

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুখ্যপত্র

www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখ্যপত্র/০২/২০২৪/৯২

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ  
১৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা এবং মার্জিন রুলস এর বিষয়ে টাক্ষফোর্সের খসড়া সুপারিশের উপর মতামত আহ্বান প্রসঙ্গে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক গঠিত ‘পুঁজিবাজার সংস্কার টাক্ষফোর্স’ ‘সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১’ এবং ‘মার্জিন রুলস, ১৯৯৯’ এর যুগোপযোগীকরণের বিষয়ে ইতোমধ্যে কমিশনের নিকট খসড়া সুপারিশ জমা দিয়েছে। পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নে ‘পুঁজিবাজার সংস্কার টাক্ষফোর্স’ এর সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য কাজ করছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন। এরই ধারাবাহিকাতায়, ‘সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১’ এবং ‘মার্জিন রুলস, ১৯৯৯’ এর বিষয়ে টাক্ষফোর্স এর সুপারিশসমূহ এর উপর সংশ্লিষ্ট সকলের মতামত আহ্বান করা হচ্ছে। নিম্নোক্ত ই-মেইল ঠিকানায় আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত মতামত প্রেরণ করা যাবে।

টাক্ষফোর্স এর সুপারিশসমূহ এর উপর মতামত প্রেরণের জন্য ই-মেইল ঠিকানা:

- ১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা সংক্রান্ত মতামত: [suggestion.mutualfundrules@sec.gov.bd](mailto:suggestion.mutualfundrules@sec.gov.bd)
- ২) মার্জিন রুলস সংক্রান্ত মতামত: [suggestion.marginrules@sec.gov.bd](mailto:suggestion.marginrules@sec.gov.bd)

উল্লেখ্য, পুঁজিবাজার সংস্কার টাক্ষফোর্স এর খসড়া সুপারিশসমূহ কমিশনের ওয়েবসাইট (ওয়েবলিংক: [https://sec.gov.bd/home/taskforce\\_draft\\_recommendation](https://sec.gov.bd/home/taskforce_draft_recommendation))-এ পাওয়া যাবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম  
পরিচালক ও মুখ্যপত্র

১৯/০২/২০২৫